

“মুজিববর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান”



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
www.wewb.gov.bd

নম্বর-৪৯.০৪.০০০০.০০৪.১৮.৫১৮৫.০২(অংশ-৫)-০৮৩


তারিখ: ২৬ জ্যৈষ্ঠ ১৪২৮
০৯ জুন ২০২১

অফিস আদেশ

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডে কর্মরত নিম্নবর্ণিত কর্মকর্তাদেরকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাদের নামের পার্শ্বে বর্ণিত কাজের বিবরণী অনুযায়ী দায়িত্ব পালনের জন্য নির্দেশ প্রদান করা হলো:

ক্রম	কর্মকর্তার নাম ও পদবী	কাজের বিবরণী	বিকল্প প্রতিভূ
১.	মোঃ জাহিদ আনোয়ার উপ-পরিচালক (আরপিটি)	(১) বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (APA) সংক্রান্ত কার্যাদি। (২) প্রবাসে মৃত্যুবরণকারী বাংলাদেশি কর্মীর মৃতদেহ দেশে আনয়ন ও সংশ্লিষ্ট দেশে দাফন সংক্রান্ত কার্যাদি। (৩) দেশে ও বিদেশ প্রবাসী কর্মীদের আইনগত সহায়তা প্রদান সংক্রান্ত কার্যাদি। (৪) বোর্ডের বার্ষিক প্রতিবেদন প্রণয়নসহ অন্যান্য প্রকাশনা সংক্রান্ত কার্যাদি। (৫) বোর্ডের সংশ্লিষ্ট মামলা-মোকদ্দমা সংক্রান্ত কার্যাদি। (৬) বোর্ডের প্রশিক্ষণ, পরিকল্পনা ও গবেষণা সংক্রান্ত কার্যাদি। (৭) অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত যাবতীয় কার্যাদি। (৮) প্রবাসে মৃত কর্মীদের বিষয়ে মাসিক পরিসংখ্যান, তালিকা ও রিপোর্ট প্রস্তুতকরণ সংক্রান্ত কার্যাদি। (৯) কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মন্ত্রণালয়, কোন প্রতিষ্ঠান, পত্রিকা, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার চাহিদা মোতাবেক প্রয়োজনীয় তথ্য সরবরাহ, প্রকাশিতব্য বিজ্ঞপ্তি, প্রেস ব্রিফিং, সংবাদ রিপোর্টসহ জনসংযোগ সংক্রান্ত কার্যাদি। (১০) উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী অন্যান্য কার্যাদি।	হালিমা আহমেদ উপ-পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
২.	মাসহরীনা আলম আজমী সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)	(১) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির কার্যপত্র এবং জাতীয় সংসদে মাননীয় মন্ত্রীর যাবতীয় প্রশ্নোত্তর প্রস্তুত সংক্রান্ত কার্যাদি। (২) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের চিঠিপত্র ও মাসিক সমন্বয় সভা সংক্রান্ত যাবতীয় কার্যাদি। (৩) বিদেশের কারাগারে আটক, হত্যাকাণ্ড ও অসুস্থ কর্মী সংক্রান্ত কার্যাদি। (৪) বোর্ডের সকল তথ্য সংরক্ষণ ও সরবরাহ সংক্রান্ত কার্যাদি। (৫) বোর্ডের গবেষণা সংক্রান্ত কার্যাদি। (৬) উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী অন্যান্য কার্যাদি।	মোঃ আজিজুল ইসলাম ভূইয়া সহকারী পরিচালক

২.০ জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


মুশাররাত জেবীন
উপ-সচিব

পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
☎ ০২-২২২২২৩২৪৭ (অফিস)
✉ d.ad@wewb.gov.bd

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।

২। উপ-পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।

৩। ওয়েব ডিজাইন এন্ড ডেভেলপার, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।

৪। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।

৫। অফিস নথি/২০২১।